# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০৮

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৪০. সফর আযাবের একটি অংশ

باب السَّفَرُ قِطْعَةٌ مِنْ الْعَذَابِ

## আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ سُمَيٍّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ السَّفَرُ قِطْعَةٌ مِنْ الْعَذَابِ يَمْنَعُ أَحَدَكُمْ نَوْمَهُ وَطَعَامَهُ وَشَرَابَهُ فَإِذَا قَضَى نَهْمَتَهُ مِنْ وَجْهِهِ فَلْيُعَجِّلْ الرَّجْعَةَ إِلَى أَهْلِهِ

## বাংলা

২৭০৮. আবূ হুরাইরাহ্ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “সফর ’আযাবের অংশ বিশেষ। তা তোমাদের যথাসময় নিদ্রা ও পানাহারে ব্যঘাত ঘটায়। কাজেই নিজের প্রয়োজন মিটিয়ে অবিলম্বে সে যেন আপন পরিজনের কাছে ফিরে যায়।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: মালিক, ইসতিআযান ৩৯; বুখারী, উমরাহ ১৮০৪; মুসলিম, ইমারাহ ১৯২৭।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৭০৩ তে।

সংযোজনী: এছাড়া, তাবারাণী, সগীর ১/২২০; আবূ নুয়াইম, হিলইয়া ৬/৩৪৪; খতীব বাগদাদী, তারীখ ২/৫৩-৫৪; ৭/২৮৪; সাহমী, তারীখ জুরজান পৃ: ৩৯৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82993

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন